



২০২১-২২ অর্থবছরে চট্টগ্রাম বিভাগের অধীন গ্রন্থাগার প্রধানদের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি/সিটিজেন চার্টার বাস্তবায়নের নিমিত্ত জুম প্লাটফর্মে অংশীজনের অংশগ্রহণে ২য় সভার কার্যবিবরণী:

সভাপতি	এ.এইচ.এম. কামরুজ্জামান, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
সভার তারিখ	২১ মে ২০২২
সভার সময়	বেলা ১১.৩০ ঘটিকা
সভার মাধ্যম	জুম প্লাটফর্মে অনুষ্ঠিত
উপস্থিতি	পরিশিষ্ট: ক-দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির নির্দেশক্রমে সদস্য-সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের নিমিত্ত জুম এ্যাপসের মাধ্যমে অধীনস্থ গ্রন্থাগার প্রধানদের সমন্বয়ে অংশীজনের অংশগ্রহণে ২য় সভার আলোচ্য বিষয়াদি সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	২০২১-২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম সভার পর্য্যালোচনা।	২০২১-২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নার্থে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম সভার সুপারিশসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা করা হয়। ১ম সভার সুপারিশসমূহ যথাসময়ে সকল জেলায় বাস্তবায়িত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং ২০২১-২২ অর্থবছরে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জেলা প্রধানদের প্রতি অনুরোধ করা হয়।	নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নার্থে লক্ষ্যমাত্রা অর্জনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ উদ্যোগ গ্রহণ করবেন।	সংশ্লিষ্ট গ্রন্থাগার কর্তৃপক্ষ/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
০২	সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ।	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়নের ১.২ নং সূচকে বর্ণিত লক্ষ্যমাত্রা সকল জেলা গ্রন্থাগারই যথাযথভাবে অর্জন করেছে মর্মে আলোচনায় প্রতীয়মান হয়। পূর্বানুরূপ ত্রৈমাসিকেও উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	২০২১-২২ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিকেও লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট গ্রন্থাগার কর্তৃপক্ষ/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/০৫/২০২২

এ এইচ এম কামরুজ্জামান  
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক  
ও  
সভাপতি, সংশ্লিষ্ট কমিটি।

স্মারক নম্বর: ৪৩.২৬.১৫০০.০০২.৯৯.০০১.২১.১১৯ (১৩)

তারিখ: ২১/০৫/২০২২ খ্রি.

বিতরণ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতক্রমে নয়):

- ১। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা)।
- ২। সিনিয়র লাইব্রেরিয়ান/লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, লক্ষ্মীপুর, ফেনী, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান।
- ৩। সহকারী পরিচালক/সহকারী প্রোগ্রামার, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম।
- ৪। অফিস নথি।